

রাজনীতি

হাসিনার দেশ ছাড়ার খবর তো অলৌকিক মনে হচ্ছিল: মির্জা ফখরুল



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



শেখ হাসিনার দেশ ছাড়ার খবর শুনে দারুণ একটা উত্তেজনা তৈরি হয়েছিল বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

এক সাক্ষাৎকারে মির্জা ফখরুল জানান, সেনাসদরে সেনাপ্রধানের কাছ থেকে শেখ হাসিনার দেশ ছাড়ার খবর পান তারা।

সেই খবর শুনে প্রতিক্রিয়া কেমন ছিল? এমন প্রশ্নে মির্জা ফখরুল বলেন, ইউ আন্ডারস্ট্যান্ড, তখন তো দারুণ একটা উত্তেজনা। হাসিনা চলে যাচ্ছে, এটা তো একটা আমাদের কাছে অলৌকিক ঘটনা মনে হচ্ছিল।

তিনি আরও বলেন, যে ১৭টা বছর আমরা এটার জন্য লড়াই করছি। আর এত বড় একটা কঠিন আন্দোলন, এটা রিয়ালি বর্ণনা করা যাবে না তখনকার সেই অভিব্যক্তি।

এরপর সেনাসদর থেকে বঙ্গবন্ধু যান রাজনৈতিক নেতারা। সেখানে আরও ছিলেন তিন বাহিনীর প্রধান, ডিজিএফআই, এনএসআইয়ের

কর্মকর্তারা ছিলেন।

সেখানে প্রথমেই মির্জা ফখরুল জানান, আলোচনার আগে বেগম খালেদা জিয়াকে মুক্ত করতে হবে। তখন সেনাপ্রধান বললেন, ঠ্যাঁ, এটা অবশ্যই করা উচিত।

মির্জা ফখরুল বলেন, এরপর রাষ্ট্রপতি বললেন, সবাই একমত হলে অবশ্যই হবে। উনি একটারও বিরোধিতা করেননি। তারপর প্রশ্ন উঠলো, অন্তর্বর্তী সরকার কে নেতৃত্ব দেবেন। তখন আলোচনায় ইউনুস সাহেবের (অধ্যাপক মুহাম্মদ ইউনুস) নাম এলো।

ছাত্ররা এই প্রস্তাব দেয় জানিয়ে মন্ত্রী আরও বলেন, কোনো রাজনৈতিক দল থেকে তার (ইউনুস) নাম আসেনি।

এ বিভাগের আরও খবর



শিক্ষকরা শতভাগ বেতন সুবিধা পাচ্ছে এটা বিএনপি সরকারের অবদান: মঈন খান
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আব্দুল মঈন খান বলেছেন, দেশের শিক্ষা ব্যবস্থাকে বাদ দিয়ে কোনোভাবেই একটি উন্নত ও শক্তিশালী জাতি...



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের শুধু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/hasinar-desh-chharar-khbr-to-oloukik-mne-hchchhil-mirja-fkhrul>